

জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ভর্তি পরীক্ষায়  
জালিয়াতি,  
৩ জনের  
কারাদণ্ড

জবি সংবাদদাতা । জগন্নাথ বিশ্ববিদ্যালয় এ ইউনিটের ভর্তি পরীক্ষায় জালিয়াতির ঘটনায় ৩ জনকে আটক করেছে প্রশাসন। এতে প্রত্যেককে ২ বছরের কারাদণ্ড এবং ২০০ টাকা জরিমানা করেছেন ডায়াম্যাণ আদালত। তাদের অপরাধ প্রমাণিত হলে পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন (অপরাধ) ১৯৮০-এর ৯-এর ধারা অনুযায়ী সহকারী কমিশনার ডুমি নাজমা নাহার এ শাস্তির আদেশ দেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর দফতরে এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় প্রক্টর নূর মোহাম্মদ, সহকারী প্রক্টর রুদ্দ এবং শিক্ষকরা।

দউপ্রান্ত পরীক্ষার্থী আব্দুর রহমান মজুমদার হলেন ফেনী জেলার প্ররতরাম থানার দক্ষিণ মুহাম্মদপুর গ্রামের আব্দুল মান্নান মজুমদারের ছেলে। সিটি কলেজ থেকে আটক অপর পরীক্ষার্থী হলেন মাসুদুর রহমান। তিনি চাঁদপুর জেলার মতলব উত্তর থানার এখলাসপুর গ্রামের মমিনুল হকের ছেলে। এর সঙ্গে জালিয়াতি চক্রের এক সদস্য একই দণ্ডে দণ্ডিত হয়েছেন। তিনি তেজগাঁও কলেজের এ্যাকাউন্টিং বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী কফিল উদ্দীন মাহমুদ বলে জানা গেছে।

এ দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের শিক্ষক মফিজুর রহমানের বিরুদ্ধে শুল্কা ভঙ্গের অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর জাফর ইকবাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য বরাবর লিখিত অভিযোগে উল্লেখ করেন ওই শিক্ষক পরীক্ষা চলাকালে প্রায় অধাঘণ্টা হলের বাইরে অবস্থান করেন এবং মোবাইল ফোনে কথা বলতে থাকেন। এ অবস্থায় সন্দেহের উদ্বেক হলে তাকে জিজ্ঞাসা করলে তিনি আমার সঙ্গে বাণবিত্তডায় জড়িয়ে পড়েন।